

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং- ০৪/মুসক/২০১৯ তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বৃহৎ করদাতা ইউনিট - মুসক এর জন্য করদাতা নির্বাচন নীতিমালা।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৭৮ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বৃহৎ করদাতা ইউনিট-মুসক গঠন করিয়া উহার করদাতা নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা:

২। **বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধিক্ষেত্র ও করদাতার সংখ্যা।-** (১) বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধিক্ষেত্র হইবে সমগ্র বাংলাদেশ।

(২) জাতীয় রাজস্ব বোর্ড, বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর প্রশাসনিক সক্ষমতা বিবেচনা করিয়া অনুচ্ছেদ ৩ এ বর্ণিত শর্তানুযায়ী প্রয়োজনীয় সংখ্যক বৃহৎ করদাতা নির্বাচন করিবে।

(৩) জাতীয় রাজস্ব বোর্ড বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন প্রতিষ্ঠানসমূহের সংখ্যা যেকোনো সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

৩। **বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধীন করদাতা নির্বাচনের শর্তাদি।-** বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন কার্যক্রম পরিচালনার জন্য করদাতা নির্বাচনের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাদি প্রযোজ্য হইবে, যথা:

(ক) বিগত ৩ (তিন) অর্থবছরে বার্ষিক পরিশোধিত নীট গড় করের (Average net revenue) পরিমাণ ন্যূনতম ১০ (দশ) কোটি টাকা হইতে হইবে;

(খ) বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধিক্ষেত্রাধীন কোন প্রতিষ্ঠানের একাধিক ইউনিট থাকিলে প্রতিটি ইউনিটের পরিশোধিত কর সমন্বিতভাবে বিবেচনা করিতে হইবে এবং প্রতিটি ইউনিট বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধিক্ষেত্রাধীন থাকিবে; এবং

(গ) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন যে সকল প্রতিষ্ঠান কার্যক্রম পরিচালনা করিতেছিল উহারা সকলেই উক্ত কমিশনারেটের আওতাধীন থাকিবে।

৪। **বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধীন করদাতা নির্বাচনের পদ্ধতি।-**(১) নিম্নবর্ণিত কর্মকর্তার সমন্বয়ে প্রতিষ্ঠান নির্বাচনী কমিটি গঠিত হইবে, যথা:-

ক. সদস্য (মুসক নীতি)	আহবায়ক
খ. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর)	সদস্য
গ. প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কমিশনার	সদস্য
ঘ. দ্বিতীয় সচিব (মুসক নীতি)	সদস্য সচিব

(২) কমিটি প্রতি অর্থবছর শেষে আগস্ট-সেপ্টেম্বর মাসে বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন কার্যক্রম পরিচালনাকারী করদাতাসহ বার্ষিক ন্যূনতম ১০ কোটি টাকা নীট কর পরিশোধ করে এমন সকল প্রতিষ্ঠানের তথ্য পর্যালোচনা করিয়া এবং রাজস্ব ঝুঁকিসহ অন্যান্য সকল প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করিয়া যেইসকল প্রতিষ্ঠানকে বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর আওতাধীন আনয়ন বা উক্ত কমিশনারেট হইতে প্রত্যাহার করিবার জন্য উপযুক্ত বিবেচনা করিবেন সেইসকল প্রতিষ্ঠানের নামের তালিকা তৈরি করিয়া বোর্ডের নিকট পেশ করিবেন।

(৩) বোর্ড অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (২) এর অধীন কমিটি কর্তৃক দাখিলকৃত তালিকা হইতে চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করিবেন এবং ভ্যাট অনলাইন সিস্টেমে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহকে বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন আনয়ন বা উহা হইতে প্রত্যাহার করিয়া ভৌগলিক অধিক্ষেত্রাধীন কমিশনারেটে প্রত্যাবর্তণ করিয়া করদাতাকে অবহিত করিবেন।

৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইলো। এই আদেশ জারির তারিখ হইতে এতদসংক্রান্ত পূর্ববর্তী সকল আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ তারেক হাসান)
দ্বিতীয় সচিব (মুসক নীতি)